প্রথম আলো

তারিখ ... ৫/৫/০৩ ...

খুলনায় শিক্ষা খাত : তথ্য-যোগাযোগ প্রযুক্তি ও নারীর ক্ষমতায়ন শীর্ষক আলোচনা

শিক্ষা খাতকে দুর্নীতি ও রাজনীতি মুক্ত করে জবাবদিহিতা নিশ্চিত করার তাগিদ

CPD
প্রথম আলো
The Daily Star
National Policy Review Forum 2003

খুলনা অফিস

'শিক্ষা খাত', 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' এবং 'নারীর ক্ষমতায়ন ও জাতীয় উন্নয়ন' শীর্ষক আঞ্চলিক পরামর্শ সভায় বিশেষজ্ঞ বক্তারা বেশকিছু নতুন পরামর্শ তুলে ধরেছেন।

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি), প্রথম আলো এবং ইংরেজি দৈনিক ডেইলি স্টারের যৌথ আয়োজনে দিনব্যাপী এই আলোচনা অনুষ্ঠিত হয় খুলনা নগরীর ওয়েস্টার্ন

এরপর পৃষ্ঠা ২ কলাম ১

খুলনায় আঞ্চলিক পরামর্শ সভায় (বাঁ থেকে) ড. মোঃ মাসুম, প্রফেসর মোয়াজ্জেম হোসেন, উপাচার্য এম আবদুল কাদির ভূঁইয়া ও দেবপ্রিয় ভট্টাচার্য —প্রথম আলো

জবাবদিহিতা নিশ্চিত করার দাবি

প্রথম পৃষ্ঠার পর

ইন ইন্টারন্যাশনাল লিমিটেডের সম্মেলন কক্ষে। তিন পর্বে বিভক্ত এই পরামর্শ সভায় ২৯ জন বিশেষজ্ঞ বক্তা আলোচনায় অংশ নেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিপিডির নির্বাহী পরিচালক ড. দেবপ্রিয় ভট্টাচার্য।

প্রস্তাবিত রূপরেখার মধ্যে 'শিক্ষা খাতের আলোচনায় বিশেষজ্ঞ বক্তারা এই মুহূর্তে জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন ও বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করে বলেন, শিক্ষা খাতকে একটি মানে দাঁড় করাতে হলে এই খাতের সব দুর্নীতি, অনিয়ম দূর করাসহ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। পাশাপাশি ছাত্রছাত্রী ও শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের রাজনীতিমুক্ত হয়ে কাজ করা নিশ্চিত করতে হবে। এ ছাড়া শিক্ষকদের সর্বোচ্চ বেতন-ভাতা বৃদ্ধিসহ সকল প্রকার সুযোগ-সুবিধা প্রদান করতে হবে এবং বেসরকারি শিক্ষকদের ক্ষেত্রেও বদলি ব্যবস্থা চালু করার পরামর্শ দেন বিশেষজ্ঞ বক্তারা।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রসারের লক্ষ্যে শুধু ইংরেজি ভাষায় নয়, নিজস্ব মাতৃভাষা বাংলায় সফটওয়্যার তৈরি করতে হবে। ফাইবার অপটিক স্থাপন, টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়নসহ সহজলভ্যতার ব্যবস্থা করতে হবে। সিম্পল গেইটওয়ে তৈরি করাসহ জাতীয়ভাবে ডিজিটাল লাইব্রেরি স্থাপন, অডিও-ভিডিওর মাধ্যমে তথ্য শেয়ারিং, স্কুল পর্যায়ে কম্পিউটার ল্যাব তৈরি এবং দক্ষ শিক্ষক দিয়ে দক্ষ মানবসম্পদ তৈরি ব্যবস্থার সুপারিশ করা হয়। এ ছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শুধু বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহার না করে দারিদ্র্য বিমোচনে ব্যবহার করার পরামর্শ আলোচনায় স্থান পায়।

নারীর ক্ষমতায়ন ও জাতীয় উন্নয়নের ক্ষেত্রে সরাসরি নির্বাচন করেও নারীরা ক্ষমতা পাচ্ছেন না। নারীদের সব ক্ষেত্রে অবস্থান নিশ্চিত করতে সরকারকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। পুরুষতান্ত্রিক মনোভাব বদলাতে হবে। যৌন হয়রানি ও সহিংসতা রোধে কঠোর ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেন বক্তারা।

খুলনা বিএল কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোঃ মোয়াজ্জেম হোসেনের সভাপতিত্বে শিক্ষা খাত বিষয়ক প্রথম কর্ম-অধিবেশনে প্রধান অতিথি ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম আবদুল কাদির ভূঁইয়া। এতে টাস্কফোর্স প্রণীত রিপোর্ট উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোঃ মাসুম।

দ্বিতীয় অধিবেশনের 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয়ে আলোচনা সভায় সভাপতিত্ব করেন খুলনা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান ড. রফিকুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন খুলনা বিআইটির পরিচালক অধ্যাপক নওশের আলী। এতে টাস্কফোর্স রিপোর্ট উপস্থাপন করেন সিপিডির রিসার্চ ফেলো ড. অনন্য রায়হান, তাকে সহযোগিতা করেন আবু সাঈদ খান, অনির চৌধুরী।

শেষ অধিবেশনে নারীর ক্ষমতায়ন ও জাতীয় উন্নয়ন বিষয়ের ওপর টাস্কফোর্স রিপোর্ট উপস্থাপন করেন নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. কানিজ সিদ্দিকী। এতে সভাপতিত্ব করেন খুলনা এডাবের চেয়ারপারসন জাকিয়া আক্তার হোসেন।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সিপিডির নির্বাহী পরিচালক ড. দেবপ্রিয় ভট্টাচার্য, খুলনা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য অধ্যাপক আবদুল কাদির ভূঁইয়া, খুলনা বিআইটির পরিচালক অধ্যাপক ড. মোঃ নওশের আলী, বিটিটিবির সাবেক চেয়ারম্যান ফজলুর রহমান, খুলনা বিআইটির অধ্যাপক ড. এম এ হাশেম, ড. বিসি ঘোষ, এ এম আরিফ হোসেন, ড. শিবেন্দ্র শেখর শিকদার, ইনস্টিটিউট অব লাইব্রেরি, আর্টস, কমার্স অ্যান্ড সায়েন্সের (ইলাকস) অধ্যক্ষ এম এ কাইয়ুম, বিশিষ্ট চিকিৎসক গাজী মিজানুর রহমান, অধ্যক্ষ আহাদ আলী, কাজী ওয়াহিদুজ্জামান, শহীদুল ইসলাম, প্রফেসর খন্দকার খলিলুর রহমান, জান্নাতুল ফেরদৌস রেখা, রূপান্তর কর্মী রিজিয়া পারভীন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওমান স্টাডিজ বিভাগের অধ্যাপক সনিয়া নিশাত আমিন, নিটল গ্রুপের পরিচালক ও উইমান চেম্বার অব বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রিজের চেয়ারপারসন সেলিমা আহমেদ, অ্যাডভোকেট ফিরোজ আহমেদ, সাংবাদিক দিদারুল আলম, বিআইটি খুলনার অধ্যাপক ড. এ কে আজাদ, মোঃ আরিফ হোসেন, আমিনুল ইসলাম, ওয়ার্ল্ড ভিশনের কর্মী প্রভাষ চন্দ্র বিশ্বাস, অ্যাডভোকেট তসলিমা খাতুন ছন্দা, মহিলা পরিষদের সম্পাদক রসু আক্তার, খুলনা সিটি করপোরেশনের সংরক্ষিত মহিলা আসনের ওয়ার্ড কমিশনার রুমা খাতুন, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফিরোজা বেগম, মানবাধিকার ব্যুরোর মিনু মমতাজ, প্রাক্তন মহিলা ওয়ার্ড কমিশনার রোজী রহমান, রূপান্তর কর্মী রিজিয়া পারভীন প্রমুখ তিনটি অধিবেশনের আলোচনায় অংশ নেন।